ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী

১৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ৩০ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ২৭.১২.৩০২৯.৫১৬.০২.০০৮.১৯.৩৭৭

# "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নোক্ত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী প্রাক্তন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ টাকাসহ পবিস নির্দেশিকা/বাপবিবোর্ডের সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি অথবা পূর্ববর্তী পবিস-এর সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্র অনুযায়ী বেতন ভাতাদি প্রদেয় হবে। | (ক) **বয়স সীমা:** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (২০/০২/২০২৪ খ্রিঃ তারিখ)।<br>(খ) **অভিজ্ঞতা:** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/ ০৬ (ছয়) বছর/ ০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) **অন্যান্য যোগ্যতা:**<br>(১) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত, ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(২) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(৩) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারনা থাকতে হবে।<br>(৪) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষ কর্মমূল্যায়ন করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন (যদি পূর্বে না হয়ে থাকে) রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে নূন্যতম ০১/০২ (এক/ দুই) টি কর্ম দিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে। |

**শর্তাবলীঃ**

(১) আবেদনপত্র পূরণ ও জমাদানঃ ফেনী পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট (www.pbs.feni.gov.bd.) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) A4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ২০/০২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেনারেল ম্যানেজার, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

(২) আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ

(ক) ০৩ (তিন) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি।

(গ) জাতীয় পরিচয়পত্রের/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার/ স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ" যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

উল্লেখ্য যে, দাখিলকৃত সকল সনদ পত্রের ফটোকপি (অভিজ্ঞতা সনদ ব্যতীত) ও ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও পদবী সম্বলিত সীলসহ সত্যায়িত থাকতে হবে।

(৩) অন্যান্য শর্তাবলীঃ

(ক) আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৫২ (বায়ান্ন) বৎসরের মধ্যে হতে হবে। নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(খ) বয়সের ক্ষেত্রে কোন এ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/ করছেন) উল্লেখ করতে হবে।

(ঘ) যে সকল প্রার্থী ইতোঃপূর্বে অত্র সমিতিতে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার হিসাবে ০৩ বছর/ ০৬ বছর/০৯ বছর কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঙ) প্রাপ্ত আবেদনপত্র সমূহ নিয়োগ কমিটি কর্তৃক বাছাই কার্য সম্পন্নপূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে চাকুরীকাল (on job service length) বিবেচনা করতঃ জ্যেষ্ঠতা নির্ধারণ পূর্বক প্যানেল প্রস্তুত করা হবে। জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখ- ১২ নভেম্বর' ২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

(চ) অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/ মহিলা পরিচালকগণের রক্ত সর্ম্পকীয় কেউ অথবা তাঁদের স্বামী-স্ত্রীগণের রক্ত সর্ম্পকীয় কেউ আবেদন করতে পারবেন না।

(ছ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলা জনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/ বরখাস্ত/ চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাঁদের আবেদন করার প্রয়োজন নাই।

(জ) দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তীতে তাহা প্রমানিত হলে নিয়োগ প্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

(ঝ) প্রতারণামুলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঞ) ফেনী জেলার কোন মিটার রিডার/ম্যাসেঞ্জার/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার আবেদন করার প্রয়োজন নাই।

(ট) অসম্পূর্ণ/ ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(ঠ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদেই বলবৎ থাকবে যা কোন ক্রমেই নিয়মিত হবে না।

**(ড) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।**

(ঢ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জারগণ বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি, অন্য কোন প্রতিষ্ঠানের চাকুরীতে সার্বক্ষনিক/খন্ডকালীন নিয়োজিত হতে/থাকতে পারবেন না।

(ণ) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

৩০-০১-২০২৪
হাওলাদার মোঃ ফজলুর রহমান
জেনারেল ম্যানেজার
০২৩৩৪৪-৭২৩০০
fenipbs84@gmail.com

নম্বর:

তারিখ: ১৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। এজিএম(ওএন্ডএম), রাজাপুর সাব-জোনাল অফিস, ফেনী পবিস।;
২। এজিএম(ওএন্ডএম), কসকা সাব-জোনাল অফিস, ফেনী পবিস।;
৩। এজিএম(ওএন্ডএম), কাজিরহাট সাব-জোনাল অফিস, ফেনী পবিস।;
৪। এজিএম (ইএন্ডসি), ইএন্ডসি বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি;
৫। এজিএম (প্রশাসন), প্রশাসন বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি;
৬। এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি;
৭। এজিএম (অর্থ-রাজস্ব), অর্থ (রাজস্ব) বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি;
৮। এজিএম (ওএন্ডএম), ওএন্ডএম বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি;
৯। এজিএম (আইটি), আইটি বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি;

১০। এজিএম (সদস্য সেবা) (অতিরিক্ত দায়িত্ব), সদস্য সেবা বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি;

১১। অফিস/মাষ্টার কপি।, ব;

১২। নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;

১৩। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।, ঢাকা।;

১৪। পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;

১৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.........................পবিস-১ /২/৩/৪। ( সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ সহ )।, ব;

১৬। নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপবিবো, ফেনী;

১৭। ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি;

১৮। ডিজিএম, দাগনভূঞা জোনাল অফিস, ফেনী পবিস।;

১৯। ডিজিএম, সোনাগাজী জোনাল অফিস, ফেনী পবিস ।;

২০। ডিজিএম, পরশুরাম জোনাল অফিস, ফেনী পবিস।;

২১। ডিজিএম, ছাগলনাইয়া জোনাল অফিস, ফেনী পবিস। এবং

২২। ডিজিএম, ফুলগাজী জোনাল অফিস, ফেনী পবিস।।

৩০-০১-২০২৪
মোঃ আনিছুর রহমান খন্দকার
এজিএম (এইচআর) (অতিরিক্ত দায়িত্ব)

ফরমনংঃপমাসপ১১০-০০২, ভার্সন-০১, অনুমোদিতঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ

ISO 9001:2015 Certified

**ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে প্যানেলভুক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম।**

(প্রার্থীর কর্তৃক স্বহস্তে বাংলায় পূরণযোগ্য)

জেনারেল ম্যানেজার
ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী।

পার্সপোর্ট সাইজের এক কপি **সত্যায়িত ছবি** এ ঘরে স্ট্যাপলার দিয়ে লাগাতে হবে (ছবির অপর পৃষ্ঠায় প্রার্থীকে স্বহস্তে নিজের নাম বাংলায় লিখতে হবে)।

১.নিয়োগ বিজ্ঞপ্তি নং-

মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)
২.আবেদনকৃত পদের নাম

৩.পদের ধরণ-**চুক্তিভিত্তিক**

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ----------------------------------------

৫. প্রকাশনার তারিখ ----------------------------------------

৬.আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) ----------------------------------------

পূর্ণ নাম বড় হাতের অক্ষরে (ইংরেজীতে) ----------------------------------------

৭.জন্ম তারিখ (এসএসসি সনদ/জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয় পত্র অনুযায়ী) ---------------/--------------/--------------(দিন/মাস/বছর)

৮. মাতার নাম ----------------------------------------

৯. বয়স (২০/০২/২০২৪ খ্রিঃ তারিখে) ----------------------------------------

১০. পিতার নাম ----------------------------------------

১১. ধর্ম ----------------------------------------

১২. জাতীয়তা ----------------------------------------

১৩. নিজ জেলা ----------------------------------------

১৪. টেলিফোন/মুঠোফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক (✓)দিন

| | বিবাহিত | | অবিবাহিত |
|---|---|---|---|

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (✓) দিন ঃ

| | মহিলা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র কন্যা | | এতিম ও শারীরিক প্রতিবন্ধি |
|---|---|---|---|---|---|---|---|
| | উপজাতি | | আনসার ও গ্রাম প্রতিরক্ষা | | অন্যান্য | | |

১৭. স্থায়ী ঠিকানা ঃ

| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ.জেলা |
|---|---|---|---|

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশপত্র / নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ.জেলা |
|---|---|---|---|

মোঃ আনিছুর রহমান খন্দকার
এজিএম (প্রশাসন)
ফেনী পবিস

১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| ----------------শ্রেণী | | | | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |

২০. অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) (সনদ দ্বারা সমর্থিত হতে হবে)ঃ

২১. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২২. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয়ব্যতীত) ঃ

| | নাম, পদবী, পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠোফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|---|
| ০১। | |
| ০২। | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি এবং সকল তথ্যাদি আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল বা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

---------------------------------------- তারিখ

---------------------------------------- আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩০/০১/২৪

মোঃ আমিনুর রহমান খন্দকার
এজিএম (প্রশাসন)
ফেনী পবিস